দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 SEP 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

৩০

19

# সামান্য ভুল !

(ইত্তেফাক রিপোর্ট)

ভুলটি খুব সামান্য। কিন্তু এই সামান্য ভুলের প্রতিক্রিয়া সামান্য ছিল না। ভাল পরীক্ষা দিয়া সব পরীক্ষার্থীর মত তাহারাও কম্পিত বক্ষে ফল প্রকাশের অপেক্ষায় ছিল। কিন্তু যখন ফল প্রকাশিত

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সামান্য ভুল

(১ম পৃঃ পর)

হইল, দেখা গেল তাহাদের রোল নম্বর ফলাফলে নাই। লেখা আছে প্রথম বিভাগ ৯৬ জন, কিন্তু রোল নম্বর ছাপা হইয়াছে মাত্র ৩৭ জনের। বাকী ৫৯ জনই বাদ পড়িয়াছে। এই বিপত্তি ঘটিয়াছে টেবুলেটরদের অসাবধানতায়। ফল প্রকাশের পাঁচদিন পর পরীক্ষা নিয়ন্ত্রক সংশোধনী দিয়াছেন, কিন্তু পরীক্ষার্থীদের এই কয়দিনের মানসিক নিপীড়ন তো পূরণ হওয়ার নয়।

ঘটনাটি ঢাকা বোর্ডের মুড়াপাড়া কেন্দ্রের। এ বছরের এস-এসসি পরীক্ষায় এই কেন্দ্রের ৯৩ জন ছাত্র প্রথম বিভাগে উত্তীর্ণ হয়। কিন্তু ফলাফলে ৩৭ জনের রোল নম্বর পাওয়া যায়। পরীক্ষা নিয়ন্ত্রক পরে এক বিজ্ঞপ্তিতে এই ত্রুটি সংশোধন করেন এবং বাদ পড়া ৫৯ জনের রোল নম্বর প্রকাশ করেন। প্রথম বিভাগ প্রাপ্ত এই ৫৯ জনের মধ্যে বেশ কয়েকজন ষ্টার মার্ক প্রাপ্ত।